REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 07-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Kendriya Vidyalaya :**

দেশে আরো ৮৫টি কেন্দ্রীয় বিদ্যালয় ও ২৮টি নবোদয় বিদ্যালয়ের অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার। এর মধ্যে আমাদের রাজ্যে আরো দুটি নতুন কেন্দ্রীয় বিদ্যালয়ের অনুমোদন পাওয়া গেছে। গতকাল নিজের সামাজিক মাধ্যমে এ খবর জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি জানান, উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগর এবং গোমতী জেলার উদয়পুরে গড়ে উঠবে এই নতুন কেন্দ্রীয় বিদ্যালয়। এরফলে, উপকৃত হবে রাজ্যের শিক্ষার্থীরা। তিনি এই সিদ্ধান্তের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কে ধন্যবাদ জানিয়েছেন। তিনি বলেছেন এই সিদ্ধান্ত 'উন্নত ত্রিপুরা' গড়ে তোলার প্রতিশ্রুতির প্রতিফলন।

***************************

**Panchayet Award :**

ত্রিপুরা পঞ্চায়েতি রাজ ব্যবস্থার ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত স্থাপিত হয়েছে। রাজ্যের বিভিন্ন জেলা, ব্লক ও পঞ্চায়েতের সুষ্ঠু কার্যক্রমের ফলে ত্রিপুরা এই প্রথমবার সাতটি বিভাগে জাতীয় পঞ্চায়েতী রাজ পুরস্কার অর্জন করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এই সম্মান রাজ্যের জন্য যেমন গর্বের তেমনি শক্তিশালী পঞ্চায়েতি রাজ ব্যবস্থার প্রতি এক স্বীকৃতিও বটে। সারা দেশে প্রায় ২ লক্ষ ৫০ হাজার পঞ্চায়েতের মধ্যে প্রতিযোগিতা করে ত্রিপুরার এই অর্জন রাজ্যের উন্নয়ন ও সুশাসনের ক্ষেত্রে এক নতুন অধ্যায় রচনা করেছে। আগামী ১১ই

ডিসেম্বর দিল্লিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই পুরস্কার প্রদান করবেন। গোমতি জেলা, অমরপুর আর ডি ব্লক, দেববাড়ি গ্রাম পঞ্চায়েত ও রাজকাং ভিলেজ, রূপাইছড় ব্লকের মনুবনকুল ভিলেজ কমিটি, কুমারঘাট ব্লকের বেতছড়াগ্রাম পঞ্চায়েত বিভিন্ন ক্যাটাগরিতে মোট ১০ কোটি টাকার পুরস্কার পাবে।

****************************

**Ashtalakshmi Mahotsav :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে উত্তর-পূর্বাঞ্চলে দেশের প্রবৃদ্ধিকে চালিত করার অপার সম্ভাবনা রয়েছে। তিনি আরও বলেন, একবিংশ শতাব্দী প্রাচ্যের, এশিয়ার এবং ভারতের। তিনি জোর দিয়ে বলেন যে আগরতলা, গুয়াহাটি, গ্যাংটক, আইজল, শিলং, ইটানগর এবং কোহিমার মতো উত্তর-পূর্বের বেশ কয়েকটি শহরে বড় শহরের মতোই বিশাল সম্ভাবনা রয়েছে। প্রধানমন্ত্রী গতকাল নতুনদিল্লির ভারত মণ্ডপমে অষ্টলক্ষ্মী মহোৎসবের উদ্বোধন করে একথা বলেন। অষ্টলক্ষ্মী মহোৎসবের গুরুত্ব তুলে ধরে তিনি বলেন যে এটিই প্রথম এবং অনন্য অনুষ্ঠান যা উত্তর-পূর্বের রাজ্যগুলিতে বিপুল বিনিয়োগের সুযোগ খুলে দেবে।

এই মহোৎসবের মাসকট, পূরবী নামের এক তরুণী। মহোৎসবে ২৫০-এরও  বেশি কারিগর ৩৪টি জিআই ট্যাগযুক্ত পণ্য সহ অনন্য হস্তশিল্প, তাঁত এবং কৃষি ও উদ্যান পণ্য প্রদর্শন করছেন।

*************************

**Power :**

ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড হুক লাইনের মাধ্যমে বিদ্যুৎ চুরি বন্ধ করতে এখন কঠোর পদক্ষেপ নিতে চলেছে। বারবার আবেদন এবং জরিমানা সত্ত্বেও কিছু মানুষ হুক লাইন ব্যবহার করে বিদ্যুৎ চুরি চালিয়ে যাচ্ছে। এর ফলে বৈধ গ্রাহকদের উপর অতিরিক্ত ট্যারিফের বোঝা পড়ছে এবং হুক লাইনের কারণে মানুষের জীবনহানি, অগ্নিকাণ্ড বা বিদ্যুৎ বিপর্যয়ের আশঙ্কা বেড়ে

যাচ্ছে। ত্রিপুরা বিদ্যুৎ নিগমের ভিজিল্যান্স টিম প্রতিদিন অভিযান চালিয়ে জিনিসপত্র বাজেয়াপ্ত করা সহ ফাইন আদায় করছে। বিদ্যুৎ পরিষেবা সঠিকভাবে বজায় রাখতে এবং নিরাপদে রাখতে বিদ্যুৎ নিগম সচেতন নাগরিকদের সহযোগিতা কামনা করছে। যদি কোথাও হুক লাইনের মাধ্যমে বিদ্যুৎ চুরি দেখেন, তবে ছবি সহ স্থান ও ঠিকানা ৯৮৬৩৫৯৬০৮ নম্বরে হোয়াটসআপ-এর মাধ্যমে জানানোর জন্য নাগরিকদের অনুরোধ জানানো হয়েছে।

************************

**Science & Tecnology Minister :**

স্টোন ক্রাসিং ইউনিট স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে নির্দিষ্ট নীতি নির্দেশিকা মেনে স্টোন ক্রাসিং ইউনিটগুলি স্থাপন করতে হবে। স্টোন ক্রাসিং ইউনিটগুলির জন্য যাতে বায়ু দূষণ না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। গতকাল উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে জেলার স্টোন ক্রাসার ইউনিটের সাথে যুক্ত ব্যবসায়ীদের নিয়ে এক কর্মশালায় বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা একথা বলেন। ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়।

****************************

**Agriculture Minister :**

ছাত্রছাত্রীদের মধ্যে ইতিবাচক চিন্তাভাবনা গড়ে তুলতে বই এর পাশাপাশি অন্যান্য প্রয়োজনীয় বই পড়ার উপর গুরুত্ব আরোপ করেছেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ। গতকাল মোহনপুরে স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি আরও বলেন, ছাত্রছাত্রীদের মনের দিক থেকে অধুনিক হতে হবে। বর্তমান যুগের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যেতে হবে। অন্যকে সাহায্য করার জন্য এগিয়ে আসতে হবে। তিনি বলেন, বর্তমানে রাজ্যেই উচ্চশিক্ষা গ্রহণের বিভিন্ন

সুযোগ রয়েছে। ছাত্রছাত্রীদের সেই সুযোগ গ্রহণ করার আহ্বান জানান তিনি।

****************************

**Krishak Sabha :**

সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন রাজ্যে বন্যায় ক্ষতিগ্রস্তরা এখনো পর্যন্ত প্রয়োজনীয় সাহায্য পাননি। ভয়াবহ বন্যার পর রাজ্য সরকারের পক্ষ থেকে জাতীয় বিপর্যয় ঘোষণার দাবি না করায় কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় আর্থিক সাহায্য পাওয়া যাচ্ছে না বলে মন্তব্য করেন শ্রী কর। তিনি জানান, ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত সহায়তা দেবার জন্য আগামী ২০শে ডিসেম্বর কৃষক সভার পক্ষ থকে মুখ্যসচিব ও প্রতিটি জেলার জেলাশাসকদের কাছে ডেপুটেশন দেওয়া হবে।

**************************

**Science Exhibition-West :**

আগরতলা পুর পরিষদের মেয়র দীপক মজুমদার গতকাল আগরতলার উমাকান্ত একাডেমি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ২ দিনব্যাপী পশ্চিম জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনীর উদ্বোধন করেন। তিনি বলেন, ছাত্রছাত্রীদের বিজ্ঞান মনষ্ক চিন্তাকে সমৃদ্ধ করতে শিক্ষক-শিক্ষিকাদের দায়িত্ব নিতে হবে। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী, কর্পোরেটর জাহ্নবী দাস চৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন। এই প্রদর্শনী জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে ৩৮টি মডেল প্রদর্শিত হয়েছে।

*****************************

**Khelo-Dharmanagar :**

ধর্মনগরের বি বি আই মাঠে আজ থেকে 'খেলো ধর্মনগর ২০২৪' শুরু হচ্ছে। ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন মিতালি রাণী দাস

গতকাল সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, আজ দুপুর ১২টায় ধর্মনগরের বি বি আই মাঠে 'খেলো ধর্মনগর ২০২৪'এর উদ্বোধন করবেন ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী টিংকু রায়।

*************************

**National School Football :**

অনূর্ধ্ব ১৭ বছরের মেয়েদের স্কুল ফুটবলে বিশাল ব্যবধানে জয়লাভ করলো ত্রিপুরা। জম্মুতে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ২৩-০ গোলে লাদাককে হারিয়ে দেয়। দলের পক্ষে শ্রীয়া দেব হ্যাটট্রিক সহ একাই আটটি গোল করে। এছাড়া কেয়া দেববর্মা হ্যাটট্রিক সহ চারটি, সোনিয়া সিনহা হ্যাটট্রিক সহ পাঁচটি, বিনীতা জমাতিয়া হ্যাটট্রিক সহ চারটি গোল করে। বাকি দুটি গোল করে মেরিন জমাতিয়া।

***************************

**Rajnagar Block Level sports meet :**

গ্রামগঞ্জে ছড়িয়ে থাকা ক্রীড়া প্রতিভাগুলিকে তুলে আনার লক্ষ্যে গোমতী জেলা নেহেরু নেহেরু যুব কেন্দ্রের উদ্যোগে এবং জাতীয় যুব সংস্থার ব্যবস্হাপনায় গতকাল দক্ষিন জেলার রাজনগর ব্লকের রাজনগর কলোনি দ্বাদশ স্কুল মাঠে ব্লক ভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ভলিবল, দৌড়, মেয়েদের দড়ি টানাটানি সহ ৫টি ইভেন্টে ব্লক এলাকার ৬ টি স্কুলের ২৭০ জন প্রতিযোগী অংশ গ্রহন করে।

****************************